

গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষকরা ৮ মাস ধরে বেতন পাচ্ছেননি

বর্তমানি, গাইবান্ধা

গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজের ২৩ জন শিক্ষক দীর্ঘ ৮ মাস ধরে বেতনভাতা পাচ্ছেন না। তারা পরিবার পরিজন নিয়ে অনাহার-অর্ধাহারে দিন কাটাচ্ছেন।

১৯৬৫ সালে শহরের প্রাণকেন্দ্রে এ টেকনিক্যাল কলেজটি গড়ে ওঠে। নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত এই স্কুল ও কলেজে ৪টি ট্রেডে প্রায় সড়ে ৪০০ ছাত্রছাত্রীকে পাঠদান করানো হচ্ছে। এগুলো হচ্ছে- ইলেকট্রিক্যাল, মেশিন টুসন অপারেশন, ড্রেনম মেকিং জ্যাক টেলিফোনিং ও ডার্ম মেশিনারি। এসব ট্রেডে ৫০ জন থাকার কথা; কিন্তু বর্তমানে ৩৪ জন শিক্ষক দিয়ে কোনমতে কাজ চালানো হচ্ছে। এর মধ্যে ২৩ জনই ৮ মাস ধরে বেতনভাতা পাচ্ছেন না। শিক্ষা মন্ত্রণালয় গত ২০০৩-০৪ সালে দু'দফায় ৫৫ শিক্ষককে নিয়োগ দেয়। প্রাথমিকভাবে উন্নয়ন খাত থেকে তাদের বেতনভাতা দেয়া হয়। এদিকে শিক্ষকদের দাবির পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী গত ৭ আগস্ট টেকনিক্যাল কলেজের শিক্ষকদের রাজস্ব খাত থেকে বেতনভাতা

দেয়ার ঘোষণা দেন। ঘোষণা অনুযায়ী প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব ড. কামালউদ্দিন সিদ্দিকী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে একটি চিঠি দেন। কিন্তু আমলাতান্ত্রিক জটিলতার কারণে এ নির্দেশটি এখন ফাইলবন্দি হয়ে পড়ে রয়েছে। ফলে শিক্ষকরা বেতনভাতা থেকে বঞ্চিত হচ্ছে। সূত্রটি জানামতে, দেশের ৬৪টি টেকনিক্যাল কলেজের প্রায় ১ হাজার ৯১৯ জন শিক্ষক ৮ মাস ধরে বেতনভাতা পাচ্ছেন না।